

উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

সভা নং ০১/২০২১-২২

উপজেলা অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার কার্য-বিবরণী:

সভাপতি : জনাব মোঃ মনিরুজ্জামান মনির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী ।

তারিখ : ২৩-০৬-২০২২ খ্রি:

সময় : ১১:০০ ঘটিকা

সভাস্থল : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট পত্র “ক” দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উক্ত কমিটির সদস্য সচিব জানান, উপজেলা পরিষদ আইন সংশোধিত ২০০৯ এর ৩৮ নং ধারা অনুযায়ী প্রতি অর্থ বছর শুরু হওয়ার অন্তত ৬০ দিন পূর্বে উপজেলা পরিষদ কর্তৃক উক্ত বছরের আয়-ব্যয় সম্বলিত বিবরণী প্রস্তুত করার নির্দেশনা/ বাধ্যবাধকতা আছে।

১. উপজেলা প্রকৌশলী আরও জানান ৫ম উপজেলা পরিষদের ৫ম সভায় উপজেলা প্রকৌশলী, বালিয়াকান্দি আহ্বায়ক করে ৯ সদস্য বিশিষ্ট বাজেট প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি উপজেলা পরিষদে ন্যস্ত বিভাগ/দপ্তর হতে নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছে এবং পরবর্তি কার্যক্রম কমিটি কর্তৃক চলমান আছে।

সভায় আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

২. আগামী ২০২২-২৩ অর্থ বছরের খসড়া বাজেট জুন ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে বাজেট প্রণয়ন কমিটিকে অনুরোধ করা হয়।
৩. কমিটি যথাযথ ভাবে ত্রুটিবিহীন বাজেট সভায় উপস্থাপন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মনিরুজ্জামান মনির)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও

স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটি

বালিয়াকান্দি, রাজবাড়ী ।

উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভা নং ০২/২০২১-২২

উপজেলা অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার কার্য-বিবরণী:

সভাপতি : জনাব মোঃ মনিরুজ্জামান মনির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।

তারিখ : ২৫-১০-২০২১ খ্রি:

সময় : ১১:০০ ঘটিকা

সভাস্থল : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট পত্র “ক” দ্রষ্টব্য


সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উক্ত কমিটির সদস্য সচিব এজেডা ভিত্তিক সভা পরিচালনা করার অনুরোধ জানান।

১. উপজেলা প্রকৌশলী সভায় বলেন, ২০২২-২৩ অর্থবছরের জন্য রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন বাজারের টোল আদায়ের জন্য ইজারাদার নির্বাচনের জন্য যাবতীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
২. উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের বাজেট ২০২২-২৩ অর্থবছরের ৩১ মে -২০২২ এর মধ্যে করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আগামী ২০২২-২৩ অর্থবছরের হাট-বাজার ইজারার জন্য সরকারী নীতিমালা অনুযায়ী শীঘ্রই টেন্ডার আহবান করা হবে।
২. টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়নের জন্য বিগত বছরের প্রক্রিয়া অনুসরণ করা হবে।
৩. ৩১ মে, ২০২২ এর মধ্যে বাজেট প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মনিরুজ্জামান মনির)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও

স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটি

বালিয়াকান্দি, রাজবা